


**জানুয়ারি/২০২৫ মাসের গজারিয়া উপজেলা আইসিটি কমিটির মাসিক সভার কার্যবিবরণী**

বিষয় : উপজেলা আইসিটি কমিটির জানুয়ারি/২০২৫ খ্রিষ্টাব্দ মাসের সভার কার্যবিবরণী।  
 তারিখ : ০৬ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ।  
 সময় : বেলা ১২:০০ ঘটিকা।  
 স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, গজারিয়া, মুন্সীগঞ্জ।  
 সভাপতি : জনাব কোহিনুর আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ওয়েব পোর্টাল হালনাগাদ ও আইসিটি সাপোর্ট, সাইবার সিকিউরিটি বিষয়ে সর্বাধিক গুরুত্ব আরোপ করে উপজেলার আইসিটি কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	তথ্য বাতায়নসমূহ হালনাগাদকরণ	সাইবার সিকিউরিটি, ওয়েব পোর্টাল হালনাগাদ ও আইসিটি সাপোর্ট বিষয়ে সর্বাধিক গুরুত্ব আরোপ করেন এবং সকলের সহযোগিতা কামনা করা হয়। উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল তথ্যবহুল এবং সর্বদা হাল-নাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া। বাতায়নসমূহ (বাংলা ও ইংরেজি ভার্সন) শতভাগ হাল-নাগাদ রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়।	উপজেলার সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টালের তথ্যাদি (বাংলা ও ইংরেজি ভার্সন) নিয়মিতভাবে হালনাগাদ করবে। সহকারী প্রোগ্রামার কে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদানের অনুরোধ করা হয়।	উপজেলা দপ্তর প্রধানগণ।
০২	ডি-নথি বাস্তবায়ন	উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরসহ যে সকল দপ্তরে ডি-নথি কার্যক্রম চালু আছে এবং যে সকল দপ্তরে কার্যক্রম নেই সকল ক্ষেত্রে কার্যক্রম ত্বরান্বিত করা প্রয়োজন।	ম্যানুয়াল নথির পরিবর্তে ডি-নথি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং কোনো নথি অনিষ্পন্ন রাখা যাবে না। এ বিষয়ে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামার কে অনুরোধ করা হয়।	ডি-নথির সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী এবং সহকারী প্রোগ্রামার কে কারিগরি সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।
০৩	ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত মনিটরিংকরণ	ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদান করছে কিনা তা নিয়মিত মনিটরিং করা প্রয়োজন।	ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেম নিয়মিত প্রদর্শন করছে কিনা তা নিয়মিত মনিটরিং করার জন্য সহকারী প্রোগ্রামার কে অনুরোধ করা হয়।	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ।
০৪	আইসিটি ডি ডিজিটাল ল্যাব ও ক্লাসরুম পরিদর্শন	অত্র উপজেলার সকল ডিজিটাল ল্যাব ও ক্লাসরুম যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করা প্রয়োজন।	ডিজিটাল ল্যাবসমূহ ও ক্লাসরুম যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামার কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আইসিটির বিকাশ ও উন্নয়ন কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 ০৬/০১/২০২৫  
 ( কোহিনুর আক্তার )  
 উপজেলা নির্বাহী অফিসার  
 ও  
 সভাপতি  
 উপজেলা আইসিটি কমিটি  
 গজারিয়া, মুন্সীগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ  
doict.gajaria.munshiganj.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৫৯২৪.০০০.০৬.০০২.১৯.০৭

তারিখ : ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
০৬ জানুয়ারি ২০২৫ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মুন্সীগঞ্জ।
- ৫। প্রোগ্রামার, জেলা কার্যালয়, মুন্সীগঞ্জ।
- ৬। উপজেলা..... অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৭। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক..... গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৮। ইউপি সচিব / উদ্যোক্তা (সকল)।
- ৯। অফিস কপি।



এস. এম. মিনহাজ-ই-মাওলা  
সহকারী প্রোগ্রামার

ও

সদ্যস সচিব  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,  
উপজেলা কার্যালয়, কার্যালয়  
গজারিয়া, মুন্সীগঞ্জ।